## SECTION – A (READING COMPREHENSION)

**1. নিচের রচনাংশ দু'টি পড়ো ও বহুবিকল্প প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্বাচন করে লেখো। 2x(1x5)=10**

**A.** মেয়েটার নাম টুনি। নিতান্তই ক্ষীণ আর দুর্বল বলে বোধ হয় বাহুল্যবর্জিত এই নামটা বহাল হয়েছিল তার। কিন্তু কষ্ট করে এতটুকু নামটাও বড় একটা কেউ উচ্চারণ করে না, সকলেই বলে— 'মেয়েটা'। সভ্যতার বালাই ত্যাগ করে 'ছুঁড়িটা' বলবার মতো লোকেরও অভাব নেই। সে ডাকের মধ্যে অবহেলার সঙ্গে হয়তো মেশানো আছে একটু করুণার সুর।

সারা সংসারের উচ্ছিষ্ট করুণার কণায় ধীরে ধীরে পুষ্ট হ'তে থাকে টুনি। কারণ এ বাড়িতে তার সত্যকার দাবি-দাওয়া কিছুই নেই। বাড়ির গিন্নির অতি দূর সম্পর্কের- অঙ্ক কসে নিরূপণ করবার মতো সম্বন্ধের- এক ভাইজির মেয়ে টুনি।

এই ভাইজিটিই তো গলগ্রহ। যেবার দীর্ঘকালের জন্য তীর্থভ্রমণে গিয়েছিলেন মহালক্ষ্মী, বৃন্দাবনের পথে দেখা হওয়ায় নাকি কেঁদে পড়েছিলো তরুবালা তাঁর কাছে। তাই নিতান্তই দয়াপরবশ হয়ে তাকে আশ্রয় দিয়েছিলেন মহালক্ষ্মী- বড়লোক পিসির মর্যাদা ক্ষুণ্ণ হবার ভয়ে যতো না হোক বিনামূল্যে একটি সেবিকা লাভের লোভেই হয়তো। ...তাছাড়া অন্য কোনো গূঢ় কারণ যদি থাকে, সে একান্তই মহালক্ষ্মীর আর তরুবালার ভিতরের কথা। লেখনীর অবাধ গতিও সেখানে একটু থমকে দাঁড়াতে বাধ্য।

কারণটা যাই হোক, মহালক্ষ্মীর এই উদারতা যে প্রশংসার যোগ্য তাতে আর সন্দেহের কি আছে? আজীবনের সর্তে দস্যি একটা বিধবাকে ঘাড়ে নেওয়াই তো যথেষ্ট, তার উপর আবার একটা ফাউ। তিন মাসের একটা ক্ষীণপ্রাণ মেয়ে তরুবালার কোলে, যেটাকে নাকি গর্ভে নিয়ে বিধবা হয়েছিল তরুবালা।

**(উৎস: 'বলয়গ্রাস' / আশাপূর্ণা দেবী)**

**I) মন্তব্য:** সমস্ত সংসারের অবহেলা, অনাদর এবং করুণায় ধীরে ধীরে বড়ো হয়ে উঠতে থাকে টুনি।

**কারণ (ক):** টুনির অধিকার বলতে কিছু নেই এই সংসারে।

**কারণ (খ):** টুনির মা-ই যেখানে অন্যের আশ্রয়ে পড়ে আছে এই সংসারে সেখানে টুনি কী করে অন্যের কাছ থেকে স্নেহ-ভালোবাসা প্রত্যাশা করতে পারে।

মন্তব্যের প্রেক্ষিতে কারণ দু'টি ঠিক না ভুল তা নির্বাচন করে লেখো।

**A)** কারণ(ক) ঠিক হলেও (খ) ভুল। **B)** কারণ (ক) ভুল হলেও (খ) ঠিক।
**C)** কারণ(ক) ও (খ) উভয়ই ভুল। **D)** কারণ(ক) ও (খ) উভয়ই ঠিক।

**II)** মহালক্ষ্মীর কোন উদারতা প্রশংসার দাবি রাখে?
**A)** মহালক্ষ্মী টুনিকে স্নেহ-ভালোবাসায় ভরিয়ে দিয়েছিলেন।
**B)** মহালক্ষ্মী একটি শিশু সমেত বিধবা তরুবালাকে তার কাছে আশ্রয় দিয়েছিলেন।
**C)** মহালক্ষ্মী একবার দীর্ঘকালের জন্য তীর্থভ্রমণে বের হয়ে অনেক দান-ধ্যান করেছিলেন।
**D)** মহালক্ষ্মী টুনিকে একটি নতুন জামা কিনে দিয়েছিলেন।

**III)** টুনি সম্পর্কে মহালক্ষ্মীর কে হয়?
**A)** মহালক্ষ্মীর ভাইঝি। **B)** মহালক্ষ্মীর দূরসম্পর্কের ভাইঝির মেয়ে।
**C)** মহালক্ষ্মীর মেয়ে। **D)** মহালক্ষ্মীর পিসির মেয়ে।

**IV)** টুনির এমন নামকরণের পিছনে কী কারণ আছে বলে মনে করা হয়েছে?
**A)** টুনির বাবা বড়ো সাধ করে মেয়ের এমন নামকরণ করেছিলেন।
**B)** তরুবালা টুনির সুন্দর স্বাস্থ্য দেখে এমন নামকরণ করেছিলেন।
**C)** টুনির ক্ষীণ, দুর্বল ও বাহুল্যবর্জিত চেহারাই এমন নামকরণের কারণ।
**D)** উপরের কোনোটিই ঠিক না।

**V)** ‘গলগ্রহ’ শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

**A)** গলার বিশেষ রোগ অর্থে।
**B)** গলার বিশেষ অলংকার অর্থে।
**C)** গলার গ্রহ অর্থে।
**D)** অনিচ্ছা সত্ত্বেও কারো ভরণপোষণের দায়িত্ব নেওয়া অর্থে।

**B.** পাখি সম্পর্কে কৌতূহলটা আমার অনেক দিনের। ছেলেবেলায় আমাদের বাড়িতে একটা পোষা ময়না ছিল, সেটাকে আমি একশোর উপর বাংলা শব্দ পরিষ্কারভাবে উচ্চারণ করতে শিখিয়েছিলাম। আমার ধারণা ছিল, পাখি কথা বললেও কথার মানে বোঝে না। একবার এই ময়নাটাই এমন এক কাণ্ড করে বসল যে, আমার সে ধারণা প্রায় পাল্টে গেল। দুপুরবেলা সবে মাত্র আমি ইস্কুল থেকে ফিরছি, মা রেকাবিতে মোহনভোগ এনে দিয়েছেন, এমন সময় ময়নাটা হঠাৎ ‘ভূমিকম্প, ভূমিকম্প’ বলে চেঁচিয়ে উঠল। আমরা কোনো কম্পন টের পাইনি, কিন্তু পরের দিন কাগজে বেরোল সিজ্‌মোগ্রাফ যন্ত্রে সত্যিই নাকি একটা মৃদু কম্পন ধরা পড়েছে।
সেই থেকে পাখিদের বুদ্ধির দৌড় সম্পর্কে মনে একটা অনুসন্ধিৎসা রয়ে গেছে, কিন্তু অন্যান্য পাঁচ রকম বৈজ্ঞানিক গবেষণার মধ্যে ওটা নিয়ে আর চর্চা করা হয়নি। আর একটা কারণ অবিশ্যি আমার বেড়াল নিউটন। নিউটন পাখি পছন্দ করে না, আর নিউটনকে অখুশি করে আমার কিছু করতে মন চায় না। সম্প্রতি, বয়সের জন্যই বোধহয়, নিউটন দেখছি পাখি সম্বন্ধে অনেকটা উদাসীন হয়ে পড়েছে। সেই কারণেই আমার ল্যাবরেটরিতে আবার কাক, চড়াই, শালিক ঢুকতে আরম্ভ করেছে। আমি সকালে তাদের খেতে দিই। সেই খাদ্যের প্রত্যাশায় তারা সূর্য ওঠার আগে থেকেই আমার জানালার বাইরে জটলা করে।
প্রত্যেক প্রাণীরই কিছু কিছু নির্দিষ্ট সহজাত ক্ষমতা থাকে। আমার ধারণা, অন্য প্রাণীর তুলনায় পাখির ক্ষমতা আরো বেশি, আরো বিস্ময়কর। একটা বাবুইয়ের বাসা হাতে নিয়ে নেড়েচেড়ে দেখলে স্তম্ভিত হতে হয়।

**(উৎস: ‘কর্ভাস’ / সত্যজিৎ রায়)**

**I) মন্তব্য:** কথকের বিভিন্ন পাখির বুদ্ধির দৌড় সম্পর্কে মনে অনুসন্ধিৎসা রয়ে গেলেও সে সম্পর্কে তিনি বিশেষ চর্চা করে উঠতে পারেন নি।
**কারণ(ক):** নিউটন পাখি পছন্দ করে বলে কথক পাখিদের নিয়ে নতুন কোনো কাজ শুরু করতে চাননি।
**কারণ(খ):** নিউটনকে অখুশি করে কথক পাখি নিয়ে চর্চা করতে চান নি।

মন্তব্যের প্রেক্ষিতে কারণদু'টি ঠিক না ভুল, তা লেখো।

**A)** কারণ(ক) ঠিক হলেও কারণ(খ) ভুল।
**B)** কারণ(ক) ভুল হলেও কারণ(খ) ঠিক।
**C)** কারণ(ক) ও (খ) উভয়ই ঠিক।
**D)** কারণ(ক) ও (খ) উভয়ই ভুল।

**II)** সিজ্‌মোগ্রাফ যন্ত্র কী?

**A)** ভূমিকম্প রোধকারী যন্ত্র।
**B)** ভূমিকম্প নির্ণয়কারী যন্ত্র।
**C)** ভূমিকম্প বিনাশকারী যন্ত্র।
**D)** ভূমিকম্পের মৃদু সহায়ককারী যন্ত্র।

**III)** 'পাখি কথা বললেও কথার মানে বোঝে না।' - কথকের এই ধারণার পরিবর্তন হয় কোন ঘটনার ফলে?

**A)** কথকের পোষা ময়না একবার মৃদু এক ভূমিকম্প অনুভব করে 'ভূমিকম্প' বলে চিৎকার করে উঠেছিল।
**B)** কথক পাখি সম্পর্কে গবেষণা করে প্রমাণ করেন যে পাখি কথার মানে বোঝে।
**C)** পাখিদের প্রতি নিউটনের উদাসীনতা লক্ষ্য করে কথক প্রশ্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।
**D)** উপরের সবক’টিই ঠিক।

**IV)** একটি বাবুই পাখির বাসা উক্ত পাখি সম্পর্কে কোন ধারণা দেয়?

**A)** বাবুই পাখির দুর্দান্ত মেধাশক্তি সম্পর্কে ধারণা দেয়।
**B)** বাবুই পাখির ক্ষীণ দৃষ্টিশক্তি সম্পর্কে ধারণা দেয়।

**C)** বাবুই পাখির অলৌকিক শক্তি সম্পর্কে ধারণা দেয়।

**D)** বাবুই পাখির বিস্ময়কর সহজাত ক্ষমতা সম্পর্কে ধারণা দেয়।

**V)** 'প্রত্যাশা' শব্দটিতে কোন ধরণের সন্ধি হয়েছে?

**A)** স্বরসন্ধি।

**B)** ব্যঞ্জনসন্ধি।

**C)** বিসর্গসন্ধি।

**D)** নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি।